ইত্তেফাক

তারিখ ০৫।৬।৮০ ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

415

049

# না'গঞ্জ মহিলা ও তোলারাম কলেজ কেন্দ্রের পরীক্ষা প্রসঙ্গে

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, তোলারাম কলেজ ও নারায়ণগঞ্জ মহিলা কলেজের যে সব পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্র ঢাকা কলেজ কেন্দ্রে স্থানান্তরিত করা হইয়াছে কেবল তাহাদের ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা আজ (সোমবার) সকালে ঢাকা কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হইবে। এসব পরীক্ষার্থীর সোমবার বিকালে ইংরেজী দ্বিতীয় পত্র অথবা মঙ্গলবার সকাল ও বিকালের পরীক্ষা দিতে হইবে না।

তোলারাম কলেজের যেসব পরীক্ষার্থী অনিবার্য কারণে গত ২৫, ২৬ ও ২৭শে মে'র এক বা একাধিক বিষয় বা পত্রের পরীক্ষা দিতে পারে নাই, তাহারা উক্ত কলেজ কেন্দ্রে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পরীক্ষা দিতে পারিবে। সোমবার : সকাল ইংরেজী প্রথম পত্র, বিকাল দ্বিতীয় পত্র, মঙ্গলবার : সকাল—অর্থনীতি প্রথম পত্র, বাণিজ্যনীতি প্রথম পত্র, বিকাল—পদার্থ বিজ্ঞান প্রথম পত্র, সাধারণ বিজ্ঞান ও খাদ্য-পুষ্টি প্রথম পত্র, বাংলা উচ্চতর বা ইংরেজী উচ্চতর প্রথম পত্র।

উল্লেখ্য, তোলারাম কলেজ কেন্দ্রের যেসব পরীক্ষার্থী গত ২৬ ও ২৭শে মের পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছে, তাহাদের উক্ত বিষয়ে পরীক্ষা দিতে হইবে না।

গতকাল (রবিবার) দৈনিক ইত্তেফাকের শেষ পৃষ্ঠায় প্রকাশিত 'তোলারাম কলেজ ও নারায়ণগঞ্জ মহিলা কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের জ্ঞাতব্য' শীর্ষক খবরটি ছিল বার্তা সংস্থা এনা পরিবেশিত এনা বোর্ড সূত্রের বরাত দিয়া ভুল তথ্য পরিবেশন করিয়াছিল।